

মহান সৃষ্টিকর্তার নামে শুরু করছি

পবিত্র বড়দিন ২৫ শে ডিসেম্বর ২০১৪

প্রিয় মুসলিম ভাইবোনরা,

এই পৃথিবীর সৃষ্টিকর্তা, যিনি সর্বশক্তিমান আপনাদের ওপর অনুগ্রহ করুক। ইতিমধ্যে আমাদের ঐতিহ্য আপনাদের নিকট পরিচিত-প্রভু যিশু খ্রিস্টের বড়দিন উৎসব পালন করার এক সপ্তাহ পূর্বে (অর্থাৎ এই মহান পর্ব সর্বদা ২৫শে ডিসেম্বর পালন করা হয়) পুরোহিতগণ বা অন্যান্য কাথলিক খ্রিস্টান ব্যক্তিগণ খ্রিস্টান পরিবারসমূহে এবং তাদের বন্ধুদের পরিবারের সাথে মতবিনিময় ও সৃষ্টিকর্তার আর্শিবাদ প্রার্থনা করে থাকেন। আমাদের জন্য পবিত্র বড়দিন হচ্ছে ইসানবীর জন্মদিন যিনি মানব ইতিহাসে জন্ম নেন।

এক পরিবার থেকে অন্য পরিবারে যাওয়ার সময় আপনাদের পরিবারগুলোও পরিদর্শণ ও মতবিনিময় করব, এইভাবে ভাতৃপ্রেমের সাক্ষ্য ও ধর্মীয় শ্রদ্ধাবোধ বজায় রেখে আমরা একই সাথে সৃষ্টিকর্তার নিকট মোনাজাত করতে পারি।

আমাদের পরিবারগুলোর জন্য সৃষ্টিকর্তার আর্শিবাদ খুবই প্রয়োজনীয়। আজকে আমাদের খ্রিস্টান ও মুসলিম সবারই শান্তিতে বসবাস ও পরিস্পরিক শ্রদ্ধা প্রদর্শন করার উচ্চ আকাঙ্ক্ষা থাকা উচিত। আমরা যেন সকল প্রকার আত্মবাদ ও সংঘর্ষ অতিক্রম করতে এবং ভালবাসার সাক্ষ্য প্রমাণ দিতে পারি, যা সৃষ্টিকর্তা আমাদের নিকট দাবি করেন।

আমাদের সন্তানদের সুশিক্ষা দেওয়া প্রয়োজন ঐ সমস্ত বিষয় দেখিয়ে যা আমাদের বিশ্বাসকে এক করে তোলে ও যা আমাদের বৈচিত্রতার প্রতি শ্রদ্ধার দাবী করে। শুধুমাত্র এই ধরনের মনোভাবই আমাদের হৃদয়ের সকল সমস্যার সমাধান দিতে পারে।

এজন্য আমরা খুবই আনন্দিত যে, আপনাদের সাথে দেখা-সাক্ষাৎ, শুভেচ্ছা ও মতবিনিময় এমনকি হতে পারে আমরা একসাথে প্রার্থনা করতে পারি। আর প্রত্যাশা করি যে যুবক-যুবতীদের সম্পর্কে বা অন্যান্য প্রয়োজনীয় বিষয়সমূহ নিয়ে আলাপ আলোচনা করতে পারি।

আমাদের আন্তরিক শুভেচ্ছা রইল।

পালক-পুরোহিত